

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
বদলগাছী, নওগাঁ  
acl.badalgachi.naogaon.gov.bd

নম্বর: ৩১.৪৩.৬৪০৩.০০০.১৪.০১২.২০২৩-২০

তারিখ: ২১ পৌষ ১৪৩২  
০৪ জানুয়ারি ২০২৫

সরকারি খাস/বন্ধ জলমহাল ইজারার আবেদনপত্র আহবানের বিজ্ঞপ্তি

এতদ্বারা বদলগাছী উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সম্পর্কিত সংগঠন সমূহের অবগতির জন্য জানাশোনা যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ২৩ নভেম্বর ২০২৫ সালের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে সকল আবেদন অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত হয়েছে।

০১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুযায়ী নওগাঁ জেলার বদলগাছী উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত খাস বন্ধ জলমহালসমূহ বর্ণিত শর্তসাপেক্ষে কাল ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্ন বর্ণিত সিভিউল অনুযায়ী অত্রী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্য সম্পর্কিত সংগঠনকে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে (এ সংক্রান্ত নির্দেশনা ওয়েবসাইটে আপলোড করা আছে)।

০২. নিম্ন বর্ণিত সিভিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানত বাবদ পে-অর্ডার/বিডি এর মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বদলগাছী, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাস্তবে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতীত ও সিভিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবে না। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী ইজারা কর্তৃত্ব পরিচালিত হবে।

ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী কালভার

ক্র. নং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১	২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে বদলগাছী ইজারার আবেদন আহবান।
০২	০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি হতে ২৯ জানুয়ারির মধ্যে)	অনলাইনে ইজারার আবেদন দাখিল।
০৩	১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে)	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
০৪	২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে)	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি জরুরি-বছাই।
০৫	২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে)	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার উপস্থাপন ও অনুমোদন।
০৬	০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে)	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক ব্যাবের প্রেরণ (প্রয়োজন ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
০৭	২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে)	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা এইতাকে অবহিতকরণ।
০৮	০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে)	ইজারা এইতাকে কর্তৃক নিখরিত কোডে শুল্কের ইজারামূল্য ও অন্যান্য সংশ্লিষ্ট করাদি প্রদান প্রদান ও ইজারা এইতাকে সাথে চুক্তি সম্পাদন।
০৯	১ লা বৈশাখ (১৪ এপ্রিল)	ইজারা এইতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

উল্লেখ্য যে, ইজারা বিজ্ঞপ্তি [acl.badalgachi.naogaon.gov.bd](http://acl.badalgachi.naogaon.gov.bd) ওয়েবসাইটে এবং জলমহালের তালিকা [jm.lams.gov.bd](http://jm.lams.gov.bd) ওয়েবসাইটে প্রকাশিত হবে।  
কর্তৃপক্ষ বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

০৪.০২.২৫  
(ইসরাত জাহান হান্নি)  
উপজেলা নির্বাহী অফিসার  
বদলগাছী, নওগাঁ।